সূত্র : নিক-১২
তারিখ: অক্টোবর ১৪, ২০২৫

আসসালামু আলাইকুম,

আগামী নির্বাচনে যারা বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ অক্টোবর ২০২৫ বিকেল ৩ টা পর্যন্ত মনোনয়ন পত্র সংগ্রহ করা যাবে এবং ১৬ অক্টোবর ২০২৫ তারিখের বিকেল ৪ ঘটিকা পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করা যাবে ।

মনোনয়নপত্র সংগ্রহের নিয়মাবলী নিম্নরূপঃ

১. মনোনয়নপত্রের ফি ২,০০০/- (দুই হাজার টাকা)।
২. কুমিল্লা ও ঢাকা অফিস থেকে মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে।
৩. ফি প্রদানের জন্য bKash-এ "Send Money" অপশন ব্যবহার করে +880 16 8078 7181 নম্বরে অথবা +8801819219523 নম্বরে টাকা প্রেরণ করতে হবে।
৪. অনলাইনেও মনোনয়নপত্র সংগ্রহের সুযোগ রয়েছে; এক্ষেত্রেও bKash-এর মাধ্যমে একই নম্বরে টাকা প্রেরণ করতে হবে।
৫. কোনো প্রকার নগদ অর্থ লেনদেন সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

মনোনয়নপত্র জমা দেওয়ার নিয়মাবলী নিম্নরূপঃ

ক. মনোনয়নপত্র বা Nomination Form যথাযথ এবং নির্ভুল ভাবে পূরণ করতে হবে । আগ্রহী প্রার্থী অথবা প্রস্তাবক এর নামে মনোনয়নপত্র কিনতে হবে ।

খ. মনোনয়নপত্র ফর্মে একজন প্রস্তাবক বা Proposer তার নিজের ভোটার নম্বর উল্লেখ করে প্রার্থী হতে আগ্রহী যে কোনো ভোটারের পক্ষে প্রস্তাব করতে পারবেন । তবে একই প্রস্তাবক একই পদের জন্য পদের সংখ্যার অধিক প্রস্তাব বা সমর্থন করতে পারবেন না।

গ. মনোনয়নপত্রের সাথে নির্বাচন কমিশন কর্তৃক ইস্যুকৃত Money Receipt এর কপি (Sample Enclosed)

ঘ. নির্ধারিত ফরমে জীবন বৃত্তান্ত বা Biodata এবং একটি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে । (Sample Enclosed)

ঙ. অন্য একজন ভোটার উক্ত প্রস্তাব সমর্থন করে উক্ত প্রার্থীর পক্ষে সমর্থন জ্ঞাপন করবেন । যে কোন ভোটার পদের সংখ্যার অধিক প্রস্তাব বা সমর্থন করতে পারবেন না।

চ. যে পদের জন্য তিনি প্রার্থী তার উক্ত মনোনয়নপত্রে সম্মতি জ্ঞাপন করে ৯ অক্টোবর ২০২৫ থেকে ১৬ অক্টোবর ২০২৫ তারিখ বিকেল ৪ টা পর্যন্ত কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন এর কুমিল্লা অথবা ঢাকা অফিসে জমা দেওয়া যাবে ।

ছ. যারা Online এ মনোনয়নপত্র সংগ্রহ করতে ইচ্ছুক তাদেরকে উপরে উল্লিখিত bKash নম্বরে মনোনয়নপত্রের ফি ২০০০ টাকা পাঠাতে হবে । টাকা প্রাপ্তির পর নির্বাচন কমিশন অনলাইনে মনোনয়নপত্র এবং জীবন বৃত্তান্ত বা Biodata ফর্ম পাঠাবেন । উক্ত ফর্ম পূরণ করে নির্বাচন কমিশনের কাছে WhatsApp বা Email এর মাধ্যমে পাঠাতে হবে ।

জ. যারা অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে চান তাদের নিজের, প্রস্তাবকের এবং সমর্থনকারীর অফিসিয়াল (সদস্য আবেদনপত্রে উল্লেখিত) ইমেইল বা WhatsApp নম্বর থেকে পৃথক পৃথকভাবে নির্বাচন কমিশনের বরাবর মনোনয়নপত্রের স্পষ্ট কপি .pdf ফাইলে পাঠাতে হবে । জীবন বৃত্তান্ত বা Biodata, পাসপোর্ট সাইজ ছবি এবং Money Receipt এর কপি প্রার্থীর নিজস্ব ইমেইল বা WhatsApp নম্বর থেকে পাঠাতে হবে ।
সকল ভোটারদের নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত পূর্বের বিভিন্ন বিজ্ঞপ্তির অনুসরণ ও করতে অনুরোধ জানানো যাচ্ছে ।

আমরা সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ ও সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

শুভেচ্ছান্তে
একেএম কামরুল ইসলাম, এফসিএ
প্রধান নির্বাচন কমিশনার
নির্বাচন কমিশন
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন